মেহেরপুরের গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকাল ১১ টার দিকে গাংনী গাংনী উপজেলা প্রশাসন এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,সাবেক এমপি মো: মকবুল হোসেন,গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান,সাবেক মেয়র আহমেদ আলী প্রমুখ। এসময় সরকারী কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক কর্মী, সাংবাদিকসহ বিভিন্ন শেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে পুনাক এর উদ্যোগে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুর পুলিশ নারী কল্যাণ সমিতির উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে।।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর পুলিশ লাইন মিলনায়তন এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পুলিশ নারী কল্যাণ সমিতির সভানেত্রী মিসেস তাহেরা রহমানের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান,হাসিবুল আলম, পুলিশ নারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক ইরিন ইসরাত, কোষাধক্ষ্য রায়হানা তাহসিন, সদর থানার ওসি শাহ দারার, টিআই ইসমাইল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবসের অঙ্কন প্রতিযোগিতায় মেহেরপুর শহরে বিভিন্ন প্রতিষ্ঠানের শিশুরা অংশগ্রহণ করে।

পরে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে কোমরপুরে অনুমোদন মেলেনি অনামিকা আইডিয়াল স্কুলের

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুরে পাশাপাশি তিনটি শিক্ষা প্রতিষ্ঠান থাকার পরেও অনামিকা আইডিয়াল গার্লস স্কুল নামে আরও একটি শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করার অভিযোগ উঠেছে।

এ নিয়ে জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট অভিযোগ করেছেন পুরাতন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা।

এ অভিযোগের পেক্ষিতে নতুন কোন প্রতিষ্ঠান তৈরির অনুমোদন দেওয়া হয়নি। তার পরেও অনেক টাকা ব্যায় করে এই প্রতিষ্ঠান টি রিতিমত পরিচালনা করা হচ্ছে এবং ভর্তি করা হচ্ছে শিক্ষার্থী।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান তদন্ত করে জেলা প্রশাসকের কাছে একটি প্রতিবেদন দাখিল করেন। তিনি জানান, অনামিকা আইডিয়াল স্কুল থেকে ৩০-৪০ ফুট দূরে কেএমজি প্রিক্যাডেট নামে একটি কিন্ডার গার্ডেন স্কুল চালু আছে। যেখানে ১৬০জন শিক্ষার্থী অধ্যায়ন করছে।

১০০গজ দূরে কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে যেখানে ১৬২ জন শিক্ষার্থী অধ্যায়ন করছে। ১৫০ গজ দূরে কোমর পুর মাধ্যমিক বিদ্যালয় অবস্থিত যেখানে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থী অধ্যায়নরত।

এ ছাড়াও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৯ আগষ্ট ২০১৯ নির্দেশনায় বলা হয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের র্পাশ্বে নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠতে না পারে সে জন্য নজর দারি করতে বলা হয়েছে। সে মোতাবেক কোমরপুরে নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠান চালু করার সুযোগ নাই।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে দোকানের টিন কেটে ২ লাখ টাকা চুরি

মেহেরপুরের গাংনী পৌরসভার ৪নং ওয়ার্ডের চৌগাছা এলাকায় টিনশেডের একটি হার্ডওয়্যার সেনেটারি দোকানের টিন কেটে ২লক্ষ টাকা চুরির ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার দিবাগত মধ্যেরাতে বিশ্বাস সেনেটারি এন্ড হার্ডওয়্যারের দোকানে এ ঘটনা ঘটে বলে জানা যায়।

ভুক্তোভোগি দোকান মালিক জাহিদুল ইসলাম চৌগাছা গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে।
তিনি জানান, ব্যবসা প্রতিষ্ঠানের শুভ হালখাতা চলছিল। প্রতিদিনের মতো ক্যাশে টাকা রেখে দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। শুক্রবার

সকালে দোকান খুলে দেখা যায় দোকানের টিনের চাল কাটা।

সবকিছু ঠিক থাকলেও দেখা যায় ক্যাশে রাখা নগদ ২লাখ টাকা নেই। চোরেরা সেই টাকা নিয়ে গেছে বলে তার ধারণা।

এ বিষয়ে গাংনী থানায় দোকান মালিক অভিযোগ করেছেন বলে জানা যায়।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে সাইড দেওয়াকে কেন্দ্র করে ট্রলি ড্রাইভারকে মারধর

মেহেরপুরের গাংনী উপজেলার পোড়াপাড়া বাসস্ট্যান্ড এলাকায় অটোগাড়িকে সাইড দেওয়াকে কেন্দ্র করে কাদের নামের এক ট্রলি ড্রাইভারকে অটোগাড়ি চালক মারধর করেছে বলে জানা গেছে।
কাদের গাড়াডোব হাটপাড়ার কিতাবের ছেলে।

কাদেরকে মারধরের ঘটনায় ঐ এলাকার মাটিবাহি ট্রলি ও ট্রাক্টর চালকরা উত্তেজিত হয়ে অটো ড্রাইভারের বিচারের দাবিতে তার বাড়ি ঘেরাও করে।

অটোড্রাইভার একই উপজেলার পোড়াপাড়া গ্রামের হঠাৎপাড়ার লালুর ছেলে জনি।
স্থানীয়রা জানায়, মাটি ভর্তি ট্রলি নিয়ে একটি ইটভাটায় আসার সময় পোড়াপাড়া বাসস্ট্যান্ড এলাকায় তিনরাস্তার মোড়ে অটো গাড়িকে সাইড দিতে দেরি হলে অটো ড্রাইভার জনি উত্তেজিত হয়ে ট্রলি ড্রাইভার কাদেরকে মারধর করে।

খবর পেয়ে অন্যান্য ট্রলি ও ট্রাক্টর ড্রাইভাররা জনির বাড়ি ঘেরাও করতে গেলে জনি গা ঢাকা দেয় বলে জানা যায়। পরে স্থানীয় মাতব্বররা এসে তাদের শান্ত করে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর হাসানাবাদে মরহুম ইমদাদুল হক স্মৃতি বিজয় কাপ টুর্নামেন্ট খেলার উদ্ধোধন

খেলাধুলা মানুষের মনকে ভাল রাখে। যুব সমাজকে ভাল রাখতে এরূপ আয়োজনের কোন বিকল্প নেই। রাজনীতির সাথে সমাজ সেবার কোন সম্পর্ক নেই।

ভাল কাজের মন থাকলেই সকল কিছু সম্ভব।

গতকাল শুক্রবার সকাল ১০ টায় মেহেরপুর সদরের হাসানাবাদ স্কুল মাঠে মহুরুম ইমদাদুল হক স্মৃতি বিজয় কাপ ক্রিকেট খেলার উদ্ধোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেহেরপুর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিট আওয়ামী লীগ যুগ্ন সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম লিটন, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়ের এস এম সি সভাপতি বানি আমিন, বারাদী ইউনিট ছাত্রলীগের সভাপতি আল মামুন, যুবলীগ নেতা আহসান হাবীব, লিটন, রাকিব, ফিরোজ, হাসান প্রমুখ।

- বারাদী প্রতিনিধি

মেহেরপুরে প্রশিক্ষণরত

ক্রিকেটারদের প্রীতি ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর স্টেডিয়াম মাঠে প্রশিক্ষণরত অনূর্ধ্ব ১৪ অনূর্ধ্ব ১৬ ক্রিকেটারদের মধ্যে প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবারে ম্যাচ অনুষ্ঠিত হয়।

খেলায় অনূর্ধ্ব ১৪ ক্রিকেট দল ৫ উইকেটে জয়লাভ করে। প্রথমে ব্যাট করতে নেমে অনুর্ধ ১৬ দল ৪০ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১০৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে আসিব সর্বোচ্চ ২৭ রান করে। অনূর্ধ্ব ১৪ এর সোহান ৫ উইকেট লাভ করেন।

জবাবে খেলতে নেমে অনূর্ধ্ব ১৪ দল ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। দলের পক্ষে আসিফ সর্বোচ্চ ২৯ রান করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর শহরের বাইরে ইজিবাইক যাওয়া বন্ধ

মেহেরপুর পৌর এলাকার ইজিবাইক মেহেরপুর শহরের বাইরে যাওয়া বন্ধ করে দিয়েছে পুলিশ। শুক্রবার সকাল থেকে মেহেরপুর কোর্ট এলাকা, মেহেরপুর কলেজ মোড়, মেহেরপুর-কুষ্টিয়া সড়ক, পুলিশ লাইনের সামনে সহ শহরের বিভিন্ন হাইওয়ে সড়ক এলাকায় চেকপয়েন্ট বসিয়ে পৌর এলাকার ইজিবাইক হাইওয়েতে ওঠা বন্ধ করে দিয়েছে পুলিশ।

এখন থেকে পৌর এলাকার ইজিবাইক কেবলমাত্র পৌর এলাকায় চলাচল করবে। হাইওয়েতে কোন রকম ইঞ্জিন চালিত গাড়ি চলতে দেবে না বলে পুলিশ জানিয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মৃদুলের নেতৃত্বে বুদ্ধিজীবী ও বিজয় দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল এর নেতৃত্বে বুদ্ধিজীবী ও বিজয় দিবস উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় গত ৯ ডিসেম্বর কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী জেলা যুবলীগের করণীয় বিষয় বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সম্পাদক শফি কামাল পলাশ, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, ছাত্রলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি একে আজাদ সাগর প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

তিন চাকার অত্যাচারে শহরে যানযট

অবৈধ অটোর ছন্নছাড়া বিচরণে বন্দি হয়ে পড়েছে মেহেরপুর শহর। শহরের যানজটের প্রধান কারণ হিসেবে দায়ী করা হচ্ছে এই তিন চাকার গাড়ি গুলোকে।

পকেট রাস্তা থেকে শুরু করে শহরের প্রধান সড়কও তাদের দখলে। ৬.৮০

বর্গমাইলের এই ছোট্ট শহরে দাপিয়ে বেড়াচ্ছে প্রায় দুই হাজারেরও বেশি অটো বা ইজিবাইক। সেই সাথে পাল্লা দিয়ে ছুটে বেড়াচ্ছে ব্যাটারী চালিত রিক্সা-ভ্যান। মেহেরপুর পৌরসভা ৮৬৯ টি অটো শহরে চলার অনুমতি দিলেও বাকি গুলো চলছে নিজ ক্ষমতার বলে।

কোন রকম নিয়ম নীতির বলয় না থাকায় ইচ্ছামত বিচরণ করছে। যার কারণে প্রতিনিয়ত ঘটছে ছোটখাটো দুর্ঘটনা, সেই সাথে শান্ত শহরে যানজট লেগেই থাকে। দুর্ভোগ আর পরিবেশ দূষণের মত ভয়াবহ চিত্র ফুটে উঠছে শহরে।

মেহেরপুর শহরের কাশারী বাজার পাড়ার শেখ মোমিন বলেন, ইজিবাইক ও রিক্সা যে হারে বৃদ্ধি পাচ্ছে কয়েক বছর পর শহরে চলাচল করার উপায় থাকবে না। শহরের যানজটের প্রধান কারন এই অটো রিক্সা গুলো।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু বলেন, অটো-ইজিবাইক এ গুলো মানুষের চলাচলের উপকারের জন্যই। কিন্তু অতিরিক্ত হয়ে গেলে, সেটা বিপদজনক।
কোর্ট মোড়ের রিপন বলেন, বছর খানে আগে কোর্ট মোড় থেকে বড় বাজার যেতে সময় লাগতো ৫-৭ মিনিট। কিন্তু এখন অটো আর রিক্সার ঠেলায় ২০ মিনিট লাগে।

অটো চালক হেলাল, শামীম, সেন্টু বলে, আমরা গরীব মানুষ অটো চালিয়ে জীবিকা চালায়। যেখানে যাত্রী পাই দুইটা পয়সার জন্য সেখানেই ছুটে যায়। পৌরসভার অনুমতি আছে কিনা জানতে চাইলে বলেন, এ বছর লাইসেন্স দেওয়া হয়ে গেছে। আগামী তে আবার সুযোগ দিলে অনুমতি বা লাইসেন্স করে নেবো।

অটো ইজিবাইক মালিক সমিতির দপ্তর সম্পাদক সোহেল রানা বলেন, মেহেরপুর জেলাতে প্রায় ৭ হাজার অটো চলে। এর মধ্যে প্রায় ৪ হাজার মতো সমিতির আওতাভুক্ত। এসব অটো গুলো মেহেরপুর জেলার বিভিন্ন রাস্তায় চলাচল করে। তবে কোন এলাকার জন্য নির্দিষ্ট কোন নিয়ম নেই।

অটো ইজিবাইক মালিক সমিতির সভাপতি আনারুল ইসলাম বলেন, মেহেরপুর শহরে প্রায় দেড় হাজার অটো চলে। এর মধ্যে ৬৮৭ টি পৌরসভার লাইসেন্স ভুক্ত। বাকি গুলো নিজের খেয়াল খুশিমত চলে। শহরে চলাচলের কোন নিয়ম আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, এরকম কোন নিয়ম নেই। তবে পুলিশ সুপার আমাদের নিয়ে মিটিং করেছে। সেই সাথে কিছু দিক নির্দেশনা দিয়েছে। পরবতির্তে আরও নির্দেশনা আসতে পারে।

মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহীনুর রহমান রিটন বলেন, মেহেরপুর শহরকে যানজট মুক্ত রাখতে অচিরেই ব্যবস্থা নিতে যাচ্ছে পৌর কতৃপক্ষ। অটো-ইজিবাইক, রিক্সা-ভ্যান সব ধরনের যানবাহনের ক্ষেত্রে নির্দেশনা জারি করা হবে।

মেহেরপুর জেলা ট্রাফিক বিভাগের টি আই মুজতবা বলেন, যারা অটো- রিক্সা চালায় তারা সবাই গরীব পরিবারের। এদের বিরুদ্ধে আমরা চাইলেও কঠর হতে পারিনা। তবে শহরের যানজট নিরসনের জন্য মেহেরপুর পৌরসভা উদ্যোগ নিতে পারে। বিভিন্ন মোড়ে মোড়ে পৌর কতৃক জনবল দেওয়া থাকবে যারা অটো চলাচলের নিয়ম শৃঙ্খলা নিয়ন্ত্রণ করবে। মাঝে মাঝে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। প্রয়োজনে জেলা পুলিশের সহায়তা নিতে পারে পৌর কতৃপক্ষ।

মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ বলেন, রাস্তার শৃঙ্খলা বজায় রাখার জন্য অটো চালকদের একটি নির্দেশনা দেওয়া হয়ে ছিল। কিন্তু সে নির্দেশনা মত তারা চলতে পারে না। তবে সড়ক গুলো চলাচলের জন্য স্বাভাবিক রাখতে অটো চালকদের একটি নির্দিষ্ট নিয়মের মধ্যে থাকা উচিৎ।

-মর্তুজা ফারুক রুপক